রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন,পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়,ঢাকা ।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি ঃ

সার্কুলার নং ঃ প্রকা/উন্নয়ন/০১
তারিখ ঃ ১০-০৩-২০১০ ইং

বিষয় ঃ- ‘‘রূপালী মাসিক উপার্জন স্কীম (RMES) ’’ নামে একটি নতুন হিসাব চালু প্রসংগে ।

===

চাকুরীজীবিদের অবসরকালীন সুবিধাদি, প্রবাসীদের এককালীন প্রেরিত অর্থ তথা সর্বস্তরের জনসাধারনের জমানো অর্থ খরচ না করে উক্ত অর্থ হতে মাসিক ভিত্তিতে প্রাপ্তব্য লভ্যাংশ/ সুদের অংশ দিয়ে সংসারের আংশিক খরচ মেটানো এবং অত্র ব্যাংকের আমানতের ভিত্তিকে সুদৃঢ় ও তহবিল ব্যবস্থাপনা মজবুত করার নিমিত্তে পরিচালনা পর্ষদের ২৫-০২-২০১০ তারিখে অনুষ্ঠিত ৮১৪ তম সভার অনুমোদন মোতাবেক **‘‘রূপালী মাসিক উপার্জন স্কীম (RMES) ’’** নামীয় একটি নতুন হিসাব চালু করা হলো। উক্ত হিসাবের পরিচালন পদ্ধতি নিম্নে উল্লেখ করা হলো ঃ

১।	স্কীমের নাম	ঃ	**রূপালী মাসিক উপার্জন স্কীম (RMES)**
২।	হিসাবের মেয়াদকাল/সময়সীমা	ঃ	৩ (তিন) ও ৫(পাঁচ) বৎসর ।
৩।	এককালীন আমানতের পরিমান	ঃ	৫০,০০০/-(পঞ্চাশ হাজার) বা এর গুনিতক ।
৪।	মুনাফার হার	ঃ	৩ বছর মেয়াদের ক্ষেত্রে ৮% এবং ৫ বছর মেয়াদের ক্ষেত্রে ৮.৫০% হারে (সরল সুদে)।

৫। মুনাফা প্রদান ঃ মাসিক ভিত্তিতে ৩ বছর মেয়াদের ক্ষেত্রে টাঃ ৫০,০০০/- এর বিপরীতে মাসিক মুনাফা ৩৩৩/-টাকা এবং ৫ বছর মেয়াদের ক্ষেত্রে টাঃ ৩৫৪/- টাকা তবে সরকারী নিয়ম মোতাবেক উৎস কর ও অন্যান্য ট্যাক্স কর্তন পূর্বক অবশিষ্ট টাকা হিসাবধারীর শাখায় পরিচালিত সঞ্চয়ী/চলতি হিসাবে জমা হবে। এক্ষেত্রে হিসাবধারীর ঐ শাখায় সঞ্চয়ী/চলতি হিসাব থাকতে হবে/খুলতে হবে।

৬। **হিসাব খোলা ঃ**

ক) আঠার বছর বা তদুর্ধ বয়স্ক এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে রূপালী ব্যাংক লিঃ এর যে কোন শাখায় এক/একাধিক হিসাব খুলতে পারবেন। নাবালক/নাবালিকার সংগে কিংবা যৌথভাবে এ হিসাব খোলা যাবে।

খ) ক্লাব/সমিতি সমূহও যথাযথ নিয়ম পরিপালন সাপেক্ষে এ হিসাব খুলতে পারবে।

গ) ব্যাংকের নির্ধারিত ফরমে এ স্কীমের আওতায় হিসাব খোলার আবেদন করতে হবে এবং সে সাথে এ হিসাবের আওতায় সকল নিয়মাবলী পরিপালন/মেনে চলবেন মর্মে আমানতকারীকে হিসাব খোলার ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষরপূর্বক সম্মতি প্রদান করতে হবে ।

০৭। **ঋন সুবিধা ঃ**

ক) হিসাবধারী হিসাবের আমানত লিয়েন রেখে মূল অংকের সর্বোচ্চ ৮০% ঋন গ্রহন করতে পারবেন।

গ) ঋণের উপর সুদ হবে ব্যাংক কর্তৃক প্রদত্ত সুদের চেয়ে ৩% বেশী। অর্থাৎ ৩ বছর মেয়াদের আমানতের বিপরীতে ১১% এবং ৫ বছর মেয়াদী আমানতের বিপরীতে ১১.৫০%।

ঘ) চেকসহ জমাতিরিক্ত ঋণ সুবিধা গ্রহণ করলে ঋনের উপর সুদের হার ৪% বেশী হবে। অর্থাৎ ৩ বছর মেয়াদের আমানতের বিপরীতে সুদের হার হবে ১২% এবং ৫ বছর মেয়াদী আমানতের বিপরীতে সুদের হার হবে ১২.৫০%।

ঘ) ঋণের মেয়াদ অবশ্যই সংশ্লিষ্ট আমানতের মেয়াদের বেশী হতে পারবে না।

ঙ) ঋনের স্থিতি কোন ক্রমেই আমানতের ৯০% এর অতিরিক্ত হতে পারবে না । উক্ত সীমা অতিক্রমের প্রাক্কালে আমানতের উপর প্রদেয় মাসিক সুদ হিসাবধারীর হিসাবে জমা না করে হিসাবধারীর ঋণ হিসাবে জমা করতে হবে।

চ) যথাযথ নিয়ম পরিপালন সাপেক্ষে এ ঋণ মঞ্জুরের ক্ষমতা শাখা ব্যবস্থাপকের আওতাধীন ।

৮। **নবায়ন ঃ**

ক) হিসাবধারী আবেদন করে মেয়াদান্তে পরবর্তী একই মেয়াদের জন্য উক্ত আমানত নবায়ন করতে পারবেন।

খ) যদি হিসাবধারী মেয়াদ পুর্তিতে শাখায় যোগাযোগ না করেন তবে মেয়াদান্তে স্বয়ংক্রীয়ভাবে আমানতটি পরবর্তী একই মেয়াদের জন্য নবায়নযোগ্য হিসাবে গন্য হবে।

অপর পাতায়

৯। **মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করণ/নগদায়ন ঃ**

ক) হিসাবধারী লিখিত আবেদনের মাধ্যমে আমানত হিসাব বন্ধ/নগদায়ন করতে পারবেন।

গ) হিসাব খোলার ৩(তিন) মাসের মধ্যে নগদায়ন/বন্ধ করা হলে হিসাবধারী কেবলমাত্র জমাকৃত মুল অর্থ হতে মাসিক ভিত্তিতে উত্তোলনকৃত অর্থ বাদ দিয়ে অবশিষ্ট টাকা ফেরৎ পাবেন।

গ) ৩ (তিন) মাসের পর কিন্তু ১ বছরের কম হলে ৫% সরল সুদে, ১ বছরের অধিক কিন্তু ২ বছরের কম হলে ৬%সরল সুদে এবং ২ বছরের অধিক হলে ৭% সরল সুদ প্রযোজ্য হবে। এক্ষেত্রে অতিরিক্ত গ্রহনকৃত অর্থ কর্তন পূর্বক অবশিষ্ট টাকা হিসাবধারী প্রাপ্য হবেন।

ঘ) মেয়াদ পূর্তিরপূর্বে হিসাবধারী মৃত্যুবরন করলে,যে তারিখে হিসাবধারী মৃত্যুবরন করেছেন সে তারিখেই হিসাবটি স্বয়ংক্রীয় ভাবে বন্ধ হিসাবে গন্য হবে এবং উক্ত হিসাবের উপর ঐ তারিখ (মৃত্যুর তারিখ) হতে সুদ আরোপ হবে না। হিসাবধারীর নমিনী 'গ' ক্রমিকে উল্লেখিত হারে হিসাবের টাকা প্রাপ্য হবেন। নমিনী নাবালক হলে নমিনীর অভিবাবক হিসাবের টাকা প্রাপ্য হবেন।

ঙ) মেয়াদ পূর্তীর পূর্বে বর্ণিত আমানতের বিপরীতে ঋন রেখে যদি হিসাবধারী মৃত্যু বরন করেন, সে ক্ষেত্রে মৃত্যুর তারিখ পর্যন্ত আমানতের হার (অর্থাৎ ৮.০০%,৮.৫০%) যেটি প্রযোজ্য অনুযায়ীই হি.সাবের উপর লভ্যাংশ প্রদেয় হবে এবং ঋনের ক্ষেত্রে পরিশোধের পূর্বের দিন পর্যন্ত নির্ধারিত হারে সুদ আরোপ পূর্বক ঋন সমন্বয় করে অবশিষ্ট টাকা নমিনী/অভিবাবক কে প্রদান করতে হবে ।

চ) যদি হিসাবধারী এবং নমিনী উভয়েই হিসাব পূর্তীরপূর্বে মৃত্যু বরন করেন সেক্ষেত্রে নমিনীর উত্তরাধিকারী/উত্তরাধিকারীগন অংশ মোতাবেক হিসাবধারীর ঋন বকেয়া থাকলে 'ঙ' ক্রমিক অনুযায়ী এবং ঋন না থাকলে 'গ' ক্রমিক অনুযায়ী হিসাবের টাকা প্রাপ্য হবেন ।

১০। **অন্যান্য ঃ**

ক) মাসের যে কোন কার্যদিবসে এ হিসাব খোলা যাবে ।

খ) আমানতকারীর টাকা জমাদানের তারিখ হতে ১(এক) মাস হিসাব করে মাসিক লভ্যাংশের টাকা সংশ্লিষ্ট হিসাবে প্রদেয় হবে।

গ) হিসাবটি যে তারিখে খোলা হবে ৩/৫ বৎসর পূর্ন মেয়াদান্তে অর্থাৎ সেই তারিখের পরবর্তী কার্যদিবসে হিসাবধারীর আবেদনের প্রেক্ষিতে হিসাবের টাকা (সরকারী ট্যাক্স কর্তন পূর্বক যদি থাকে) প্রদেয় হবে।

ঘ) হিসাবের সুদের উপর সরকারী নিয়মানুযায়ী নির্ধারিত উৎসে কর ও হিসাবের উপর আবগারী শুল্ক কর্তন প্রযোজ্য হবে। তবে প্রতি মাসের লভ্যাংশ সংশ্লিষ্ট হিসাবে স্থানান্তর জনিত কারণে কোন চার্জ প্রযোজ্য হবে না।

ঙ) শাখা সমূহ আপাততঃ প্রচলিত মেয়াদী আমানত হিসাব খোলার ফরম ও মেয়াদী আমানতের রশিদ ব্যবহার করবেন। ফরম ও রশিদের উপর '' **রূপালী মাসিক উপার্জন স্কীম'' (RMES)** নামীয় সীল ব্যবহার করতে হবে ।

চ) প্রচারনার নিমিত্তে শাখাসমূহ কর্তৃক উপযুক্ত স্থানে ব্যানার /ফেস্টুন স্থাপনের মাধ্যমে উক্ত আমানত স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনসাধারনকে আকৃষ্ট এবং উদ্ধুদ্ধ করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ছ) এই স্কীমের আওতায় হিসাব খোলার কার্যক্রম আগামী ০১ এপ্রিল'২০১০ তারিখ হতে আরম্ভ হবে এবং পরবর্তী নির্দেশ না করা পর্যন্ত এই স্কীম চালু থাকবে ।

জ) স্কীমের সুদের হার এবং মেয়াদসহ এতদসংক্রান্ত যে কোন শর্ত পরিবর্তন/সংশোধন/সংযোজন/ বাতিল করার অধিকার রূপালী ব্যাংক লিঃ কর্তৃপক্ষ সংরক্ষন করবে ।

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক(উন্নয়ন)